# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/ ৯৩৭৫ তারিখ : ১৫/০৮/২০২৪

## জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সীমা পুনরায় বৃদ্ধি প্রসঙ্গে।

শিক্ষার্থী,অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় সময়সীমা বৃদ্ধি করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট:(**https://www.xiclassadmission.gov.bd**) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজে আবেদন করতে হবে।

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত বর্ধিত সময় সূচি অনুসরণ করতে হবে:**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ | ১৫/০৮/২০২৪ (বৃহস্পতিবার) থেকে<br>১৮/০৮/২০২৪ (রবিবার রাত ১০:০০ টা পর্যন্ত) |
| ২ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২১ /০৮/২০২৪ (বুধবার রাত ৮:০০ টায়) |
| ৩ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন | ২২/০৮/২০২৪ (বৃহস্পতিবার) থেকে<br>২৪/০৮/২০২৪ (শনিবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ৪ | কলেজে ভর্তি | ২৫ / ০৮ /২০২৪ (রবিবার) |

বিঃদ্রঃ উল্লেখ্য, "২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৪" অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।

১৫/০৮/২০২৪

প্রফেসর তপন কুমার সরকার
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং : ক.প/সাধারণ/১১৫৩(৫০০) তারিখ : ১৫/০৮/২০২৪ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। এ বোর্ডের আওতাধীন অনুমোদিত
সকল কলেজের অধ্যক্ষ

২। অফিস কপি

১৫/০৮/২৪

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬৩৪৬

১৫/০৮/২৪